ওসমান হাদিকে গুলিবর্ষণের প্রতিবাদে দুর্গাপুরে বিএনপির বিক্ষোভ

জিএম কিবরিয়া, দুর্গাপুর, রাজশাহী:: রাজশাহীর দুর্গাপুরে ঢাকা-৮ আসনের সম্ভাব্য স্বতন্ত্র প্রার্থী ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির ওপর গুলিবর্ষণের প্রতিবাদ এবং সন্ত্রাসীদের গ্রেপ্তারের বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে উপজেলা বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

১৩ ডিসেম্বর (শনিবার) বিকেলে হাঁট মাঠ থেকে শুরু হয়ে বাজারে বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা প্রদক্ষিণ করে শহীদ জিয়া চত্বরে শেষ হয়।

মিছিলে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য ও সাবেক মেয়র সাইদুর রহমান মন্টু, উপজেলা বিএনপির আহ্বায়ক হাসানুজ্জামান আয়নায়, উপজেলা বিএনপির সদস্য, জার্জিস হোসেন সোহেল, বিএনপি নেতা, গোলাম মুর্তজা,
পৌর বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক, জিয়াউল হক রতন, বিএনপি নেতা, সানোয়ার হোসেন টুটুল, পৌর যুবদলে সাবেক সাধারণ সম্পাদক, শফিকুল ইসলাম আজম, উপজেলা যুবদলের সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক, মাইনুল হক, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক, জিলহজ্ব, উপজেলা শ্রমিক দলের আহ্বায়ক, আলাউদ্দিন, যুবদল নেতা সোহেল রানা শহীদ, উপজেলা শ্রমিক দলের যুগ্ম আহ্বায়ক, ফিরোজ চৌধুরী, পৌর ছাত্র দলের আহ্বায়ক, আল আমিন রিমন, পৌর ছাত্র দলের যুগ্ম সিনিয়র আহ্বায়ক, আল সাইফ জীবন, সহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

মিছিল শেষে সভায় জেলা বিএনপির সদস্য ও সাবেক মেয়র সাইদুর রহমান (মন্টু) বলেন, শরিফ ওসমান হাদির উপর নৃশংস হামলার তিব্র নিন্দা জানাই। অবিলম্বে আওয়ামী সন্ত্রাসীদের ২৪ ঘন্টার মাঝে আইনের আওতায় আনতে হবে। ফাসিবাদ আওয়ামী বিরোধী দল ও নেতাকর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।